

28 June

গার্হস্থ্য অর্থনীতি কলেজে দিনভর ছাত্রী বিক্ষোভ অবৈধভাবে গঠন করা পরীক্ষা কমিটি বাতিল দাবী



ইনকিলাব : বিভিন্ন দাবীতে গতকাল গার্হস্থ্য অর্থনীতি কলেজে সাধারণ ছাত্রীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচী পালন করে

স্টাফ রিপোর্টার : রাজধানীর নিউমার্কেটের গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীরা গতকাল দিনভর ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেছে। পরীক্ষা কমিটি পুনর্গঠনসহ বিভিন্ন দাবীতে তারা গতকাল সকাল ১১টা থেকে বেলা ৩টা পর্যন্ত বিক্ষোভ প্রদর্শন ও মিছিল করে। গতরাত্রে এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল। ছাত্রীদের দাবী, তাদের কলেজকে পাশ কাটিয়ে অন্য কলেজের শিক্ষককে প্রাধান্য দিয়ে একটি অবৈধ পরীক্ষা কমিটি গঠন করা হয়েছে। এতে একদিকে যেমন তাদের কলেজের সুনাম ক্ষুণ্ণ হয়েছে অন্যদিকে কলেজের

শিক্ষকদের সম্মানও হানি হয়েছে। সরকারী কলেজ হওয়া সত্ত্বেও গার্হস্থ্য অর্থনীতি কলেজকে বাদ দিয়ে পরীক্ষা কমিটিতে দু'টি বেসরকারী কলেজের শিক্ষকদের প্রাধান্য দেয়া হয়েছে। পরীক্ষা কমিটির কারণে তাদের কলেজের সকল বর্ষের পরীক্ষা পিছিয়ে গেছে। ছাত্রীদের অভিযোগ, গার্হস্থ্য অর্থনীতি কলেজের জীববিজ্ঞান বিভাগের ডিনের স্ত্রী হচ্ছেন বেসরকারী একটি কলেজের পিপিপাল। প্রভাব বাটিয়ে তাকেও পরীক্ষা কমিটিতে রাখা হয়েছে। এসব দাবীতে গতকাল সকাল থেকে ছাত্রীরা কলেজ ক্যাম্পাসে দিনভর বিক্ষোভ প্রদর্শন ও মিছিল করে।